

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ২, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)

সংশোধনী প্রজ্ঞাপন

তারিখ, ২১ জানুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০৫.১২-২১—যেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী 'ক' তফসিলে বর্ণিত প্রত্যর্পণযোগ্য অর্পিত সম্পত্তির মৌজাভিত্তিক উপজেলা ও জেলাওয়ারী তালিকা প্রস্তুত করিয়া সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হইয়াছে এবং যেহেতু প্রকাশিত তালিকায় অনিবার্য কারণে কতিপয় ভুলত্রুটি রহিয়াছে ও কতিপয় সম্পত্তির অন্তর্ভুক্তি বাদ পড়িয়াছে ;

সেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (সংশোধন) আইন, ২০১৩ এর ধারা-৪ অনুযায়ী সন্নিবেশিত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুযায়ী শরীয়তপুর জেলার জাজিরা উপজেলার মৌজাভিত্তিক 'ক-তফসিলভুক্ত' অর্পিত সম্পত্তির বাদপড়া তালিকা সরকার কর্তৃক গেজেটে প্রকাশ করা হইল। ইহা ইতিপূর্বে প্রকাশিত সংশ্লিষ্ট জেলার, উপজেলার ও মৌজার 'ক- তফসিলের' বাদপড়া তালিকা হিসাবে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী

উপসচিব।

(৩৩৬১)

মূল্য : টাকা ৪.০০

অর্পিত সম্পত্তির তালিকা

‘ক’ তফসিল

(অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (সংশোধন ২০১৩) এর ধারা ৯এর উপ-ধারা (১ক) অনুযায়ী প্রকাশিত)

‘ক’ তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির বাদপড়া তালিকা

জেলাঃ শরীয়তপুর

উপজেলা : জাজিরা

মৌজা : বি, কে, নগর

জে এল নং- ৯৮

| ক্রঃ নং | কেস নথি নং ও উহাতে তালিকাভুক্তির তারিখ | সরকার কর্তৃক দখল/নিয়ন্ত্রণ গ্রহণের তারিখ | মূল মালিকের নাম, পিতার নাম ও ঠিকানা | সাবেক (এস,এ) | | হাল | | জমির পরিমাণ (একর) | সম্পত্তির প্রকৃতি (শ্রেণী) |
|------------|--|---|--|---------------|----------------------|---------------|--------|-------------------------|----------------------------------|
| | | | | খতিয়ান নং | দাগ নং | খতিয়ান নং | দাগ নং | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ০১ | XII-ই-৪১৩/৭৩-৭৪ তারিখ-০১-০৭-৭৪ | ০১-০৭-৭৪ | বজ্র বাসী মন্ডল, পিং- বেলুরাম, | ৪৫২ | ৫১৪৪ ৫১৪৬ ৫১৫৩ | -- | -- | ০.৩৯ ০.২৮ ০.৫৯ | নাল নাল নাল |

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd